

ত্রিপুরা সরকার  
তথ্য ও সংস্কৃতি অধিকার

\*\*\*\*\*

স-৪৩৪৭

আগরতলা, ২৬ ডিসেম্বর, ২০২৩

**পশ্চিম ত্রিপুরা জিলা পরিষদের অর্থ বিষয়ক স্থায়ী কমিটির সভা**

পশ্চিম ত্রিপুরা জিলা পরিষদের সভাগৃহে সম্প্রতি জিলা পরিষদের অর্থ বিষয়ক স্থায়ী কমিটির সভা অনুষ্ঠিত হয়। জিলা পরিষদের ভারপ্রাপ্ত সভাপতি হরিদুলাল আচার্য সভায় সভাপতিত্ব করেন। এছাড়া সভায় উপস্থিত ছিলেন কমিটির অন্যান্য সদস্য-সদস্যগণ এবং বিভিন্ন দপ্তরের আধিকারিকগণ। সভায় স্বল্প সঞ্চয় দপ্তরের জেলা প্রতিনিধি জানান, চলতি অর্থ বছরে পশ্চিম জেলার ৩টি মহকুমা থেকে ৬০৯ কোটি টাকা স্বল্প সঞ্চয় প্রকল্পে অর্থ সংগ্রহের লক্ষ্যমাত্রা নেওয়া হয়েছে। নভেম্বর মাস পর্যন্ত ৩৯৮.৯১ কোটি টাকা সংগৃহীত হয়েছে। সভায় জিলা পরিষদের সচিব জানান, জিলা পরিষদের পঞ্চায়েত উন্নয়ন তহবিল থেকে মোহনপুর ব্লকের তারাপুর দ্বাদশ শ্রেণী বিদ্যালয় সংস্কারের জন্য ১ লক্ষ ৮ হাজার ৪৭১ টাকা দেওয়া হবে। এছাড়া সম্প্রতি পশ্চিম ত্রিপুরা জিলা পরিষদের পঞ্চদশ অর্থ কমিশন থেকে ২ লক্ষ ১৫ হাজার ৬৭৩ টাকা ব্যয়ে ডুকলি ব্লকের কাঞ্চনমালা প্রাথমিক স্বাস্থ্যকেন্দ্রে পানীয়জল বিশুদ্ধকরণ প্রকল্পে উন্নত মানের অ্যাকুয়াগার্ড সিস্টেম বসানো হয়েছে। সভায় প্রধানমন্ত্রী সুরক্ষা বীমা योजना, প্রধানমন্ত্রী জীবন জ্যোতি বীমা योजना এবং অটল পেনশন योजना নিয়েও পর্যালোচনা করা হয়। এই সমস্ত योजना বিষয়ে জনসচেতনতা বাড়ানোর লক্ষ্যে পঞ্চায়েত ভিত্তিক সচেতনতামূলক সভা করার জন্য সভায় প্রস্তাব রাখা হয়। প্রত্যন্ত অঞ্চলের প্রত্যেককে যাতে এই योजनाগুলির আওতাভুক্ত করা যায় সে বিষয়ে সভায় গুরুত্ব আরোপ করা হয়।

\*\*\*\*\*